# হান্নান মাসউদের এমপি পদ বাতিলের দাবিতে হাইকোর্টে রিট



হান্নান মাসউদ। ছবি: সংগৃহীত

নোয়াখালী-৬ আসনের সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা আবদুল হান্নান মাসউদের সংসদ সদস্য পদ বাতিলের নির্দেশনা চেয়ে হাইকোর্টে আবেদন করা হয়েছে।

নোয়াখালীর হাতিয়ার বাসিন্দা নাজমুল হোসেন বুধবার (১৯ আগস্ট) এ রিট আবেদন করেন। তার অভিযোগ, নির্বাচনের সময় দেওয়া হলফনামায় হান্নান মাসউদ গুরুত্বপূর্ণ তথ্য গোপন করেছেন এবং এতে জালিয়াতির ঘটনাও ঘটেছে।

রিটকারীর পক্ষে আইনজীবী ইব্রাহিম খলিল জানান, এসব অভিযোগের ভিত্তিতে হান্নান মাসউদের সংসদ সদস্য পদ বাতিল বা শূন্য ঘোষণা করার জন্য আদালতের হস্তক্ষেপ চাওয়া হয়েছে।

আবেদনে শুধু পদ শূন্য ঘোষণাই নয়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকারের প্রতি নির্দেশ দেওয়ার কথাও বলা হয়েছে। এ জন্য আইন মন্ত্রণালয়ের সচিবের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়ার আবেদন জানানো হয়েছে।

আইনজীবী জানান, বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর বেঞ্চে রিটটির শুনানি হতে পারে।

তবে হান্নান মাসউদের বিরুদ্ধে আনা তথ্য গোপন ও জালিয়াতির অভিযোগের বিষয়ে তার পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

LENS ASIA